গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

## শাল্লা উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ২৮/০২/২০২২ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, ২৮/০২/২০২২ খ্রি: তারিখে ০৭ জন ডাক্তার যোগদান করেন। গত ২৬/০২/২০২২ তারিখ প্রথম ডোজের টিকা ৯৯ ভাগ লোককে টিকার আওতায় আনা হয়েছে এবং ২য় ডোজ ৬০ ভাগ লোককে টিকা প্রদান করা হয়েছে। এক্সরে মেশিন ও ল্যাব স্থাপনের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর চিঠি প্রদান করা হয়েছে। ২৮/০২/2020 তারিখে গণটিকাদান সম্পন্ন করা হয়েছে। গর্ভবতী মায়েদের সেবার মান বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ বরাবর যন্ত্রপাতির চাহিদা প্রেরণ করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত: নবনির্মিত ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল উদ্বোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ২০,৩১৩ জন, সেবা গ্রহীতার সংখ্যা ১৫,৭৩৬ জন। গর্ভবতী সেবা প্রদান করা হয়েছে ৭১৪ জনকে। কিশোর কিশোরী ৯৮৭ জন। সাধারণ রোগী ৮৪৮ জন। পুষ্টি সেবা দেওয়া হয়েছে ২০৭৬ জনকে। সংগঠিত স্যাটেলাইট সংখ্যা ০৬ টি।<br><br>সিদ্ধান্ত: স্থায়ী ও দীর্ঘ পদ্ধতি প্রসূতি সেবা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, তার বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির আওতায় ১ম,২য় ও ৩য় কিস্তি বাবদ ৯১,৮৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বাচাইকৃত অধিক গুরুত্বপূর্ণ প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও তিনটি আবাসিক বাসাবাড়ী মেরামত বাবদ বরাদ্দ পাওয়া যায়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন দ্রুত মেরামতের প্রয়োজন বিধায় আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা |

| | | |
|---|---|---|
| | মোকাবিলার জন্য টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>সিদ্ধান্ত: বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় বাছাইকৃত প্রকল্পগুলো অনুমোদন এবং উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও তিনটি আবাসিক বাসাবাড়ী মেরামত ও কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ে যাবতীয় মালামাল ক্রয় আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং এফএমডি, বাদলা, তরকা সহ বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রোগাম চলমান রয়েছে।<br>সিদ্ধান্ত: এফ এমডি, বাদলা, বিভিন্ন তরকা রোগের ভ্যাকসিন আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে,অত্র শাল্লা উপজেলায় সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় হাওর অঞ্চলে ৭০% ভর্তুকীর মাধ্যমে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের অগ্রাধিকার তালিকা তৈরী করা হয়েছে । আরো জানান যে,রোপা ধানের জমিতে পাতা হলদে বা হলদে ভাব লক্ষ্য করা যাচ্ছে।<br><br>সিদ্ধান্ত: সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৭০% ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে আগ্রহী কৃষকদের নিকট থেকে আবেদন নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। জমিতে পরিমিত পরিমানে এমওপি সালফার জিংক সার ব্যবহার করার জন্য মাঠ পর্যায়ে উপ সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক কৃষকদের মাঝে পরামর্শ প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা শিক্ষা অফিসার জানান যে, আগামী ০২/০৩/২০২২ তারিখে স্কুল খোলা হবে। তিনি আরো জানান যে,১৩ টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ ২ লক্ষ করে টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রত্যেক বিদ্যালয়ের সীমানা নির্ধারণ করে সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: প্রত্যেক বিদ্যালয়ে সীমানা চিহ্নিত করণের জন্য প্রধান শিক্ষক ও এসএমসি সভাপতিকে দায়িত্ব প্রদান করা হয় এবং সীমানা নির্মাণ করার জন্য কর্তৃপক্ষের মাধ্যমে সহকারী কমিশানর (ভূমি) বরাবর আবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: একাডেমিক সুপার ভাইজার জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে। তাদের শীত কালীন খেলাধুলা শেষ হয়েছে। তিনি আরো জানান যে, ২০১৯-২০ অর্থবছর ও ২০২১-২২ অর্থবছরের শীতকালীন খেলাধুলার টাকা পরিশোধ করা হয়নি। সভায় শীতকালীন খেলাধুলা উপলক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে মর্মে আলোচনা হয়। ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে শীতকালীন খেলাধুলা উপলক্ষে ৫০,০০০/- টাকা (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন। মাধ্যমিক শিক্ষা অফিসার দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সভায় সকল ইউপি চেয়ারম্যান ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: শীতকালীন খেলাধুলা উপলক্ষে ৫০,০০০/- টাকা (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। মাধ্যমিক শিক্ষা অফিসার দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে বিস্তারিত উল্লেখ পূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: অনুপস্থিত।<br><br>সিদ্ধান্ত: সাধারণসভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে,মাছ উৎপাদনের জন্য অভয়াশ্রমের প্রয়োজন শাল্লা উপজেলার ০৪ টি ইউনিয়নে একটি করে অভয়াশ্রমের | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা |

| | | |
|---|---|---|
| | প্রয়োজন। মৎস্য অভয়াশ্রম থাকলে মাছের প্রজনন বৃদ্ধি পাবে। তিনটি ইউনিয়নে প্রদর্শনী করার জন্য বরাদ্দ পাওয়া গেছে।<br><br>সিদ্ধান্ত: মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য অভয়াশ্রম স্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলার কোন কোন জলমহালে/জলাশয়ে মৎস্য অভয়াশ্রম স্থাপন করা যায় এ বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়। | |
| | উপজেলা সমাজ সেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে ভাতা প্রদান করা হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে জাগরনী সপ্তাহ ৯,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। রোগী কল্যান সমিতির মাধ্যমে ২,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। উপজেলা সমাজ কল্যান কমিটির কার্য্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। প্রাকৃতিক দূর্যোগের ক্ষতি গ্রস্থদের মধ্যে ৬ জনের নাম এবং ভিক্ষুক পুনর্বাসনের জন্য ০৫ জনের নাম জেলা সমাজ কল্যান কমিটির সুপারিশ অনুযায়ী উপজেলা সমাজ কল্যান কমিটির মাধ্যমে প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: প্রাকৃতিক দূর্যোগের ক্ষতি গ্রস্থদের নাম এবং ভিক্ষুকদের নাম এবং অসহায় দুঃস্থ রোগীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর, কাবিখা এবং ইজিপিপি কর্মসূচির প্রকল্প তালিকা পাওয়া গিয়াছে এবং প্রকল্পের প্রি-ওয়ার্ক কার্য্যক্রম চলমান আছে। এখন পর্যন্ত কোন বিল দেওয়া হয়নি। মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে। ইজিপির কাজের মেয়াদ ২৮/০২/২০২২ তারিখে শেষ। সময় বৃদ্ধি হলে ইজিপিপির কাজ করা যাবে। বজ্র নিরোধক দন্ড,যন্ত্র এবং ছাউনি স্থাপনের নির্দেশনা রয়েছে। সেই ক্ষেত্রে টিআর ২য় পর্যায়ের সাধারণ বরাদ্দ হতে ৭,৫০,০০০/- টাকা রেখে বিভাজন করার কথা প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্ত: দ্রুততম সময়ের মধ্যে টিআর,কাবিখা,কাবিটার অগ্রিম বিল প্রস্তুত করে বিল দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ইজিপিপির মেয়াদ বৃদ্ধি পেলে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বজ্র নিরোধক দন্ড,যন্ত্র ও ছাউনির জন্য আলাদা বরাদ্দ রেখে বিভাজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শাল্লা |
| | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, আমন ধান সংগ্রহ ২০২১-২০২২ এ বরাদ্দ প্রাপ্ত ২১৪ মে:টন ধান সংগ্রহ সফল ভাবে করার লক্ষ্যে উপজেলা সংগ্রহ কমিটি সভা অনুষ্ঠিত হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উল্লেখ্য যে, গত সভার কার্য্যবিবরনীতে ২১৪ মে:টনের স্থলে ২০১৪ মে:টন লিখা হয়েছে। ইহা সংশোধন করা প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা কৃষি অফিস প্রদত্ত তালিকা থেকে প্রকৃত কৃষকের নিকট থেকে আমন ধান সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গত সভার কার্য্যবিবরনীতে ২০১৪ মে:টন এর স্থলে ২১৪ মে:টন হিসেবে সংশোধন করা হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: জনস্বাস্থ্য কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| | পল্লী সঞ্চয় ব্যাংক: পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপকের প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ সরকারের এজেন্ডা বাস্তবায়নের জন্য পিছিয়ে পড়া মানুষকে অর্থনৈতিক ভাবে সাবলম্বী করার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে সমিতির সদস্যদের মধ্যে স্বল্প সুদে ঋণ বিতরণ করা হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: ঋণ আদায়ের হার বাড়ানো এবং মোট ঋণ খেলাপির হার কমিয়ে আনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | পল্লী উন্নয়ন বিভাগ: পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তাদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সমিতি গঠন, সঞ্চয়, আদায়, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। জোড়াবাড়ি মেরামত বাবদ প্রাক্কলন উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত হয়েছে। সেই মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ শ্রীঘ্রই শুরু করা হবে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন বিভাগ |
| | বিবিধ-১ : চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ জানান যে, শাল্লা উপজেলা একটি প্রতন্ত হাওড় এলাকা, এখানে জেলা পরিষদ, সুনামগঞ্জ কর্তৃক নির্মিত ডাক বাংলো ছাড়া অন্য কোন সরকারী/বেসরকারী ডাকবাংলো বা রেস্টহাউজ নেই। বর্তমানে জেলা পরিষদ, সুনামগঞ্জ এর পুরাতন টিন সেড ভবনটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। ফলে বিভিন্ন উর্দ্ধতন কর্তৃপক্ষ শাল্লা সফরকালে রাত্রি যাপন করতে হলে প্রশাসনকে বিড়ম্বনায় পড়তে হয়। এমতাবস্থায় শাল্লা উপজেলায় টিনশেড ভবনটি ভেঙ্গে একটি দ্বিতল নতুন ভবন বিশিষ্ট ডাকবাংলো নির্মাণ করার জন্য তিনি সভায় প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>সিদ্ধান্ত: সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জেলা পরিষদ, সুনামগঞ্জ এর টিন সেড ভবনটি ভেঙ্গে নতুন দ্বিতল ভবন বিশিষ্ট একটি ডাকবাংলো নির্মানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন এবং এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য চেয়ারম্যান, জেলা পরিষদ, সুনামগঞ্জ ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সুনামগঞ্জ এর দৃষ্টি আকর্ষন করে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বিবিধ-২: সভায় ২১/০২/২০২২ খ্রি: তারিখ আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে মর্মে আলোচনা হয়। ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ২৫,০০০/- টাকা (পচিঁশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্ত: আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস-২২ উদযাপন উপলক্ষে ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয় এবং এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা ও উপজেলা নির্বাহী অফিসার, শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১- ৬৫(২)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮ বাংলা
২৮ ফেব্রুয়ারী ২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মাননীয় সংসদ সদস্য, ২২৫, সুনামগঞ্জ-০২
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৭. অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৮. দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৯. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১০. উপজেলা ---------------------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ
১১. চেয়ারম্যান.....................(সকল) ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ
১২. জনাব ---------------------------------- সদস্য

মোঃ আবু তালেব
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ